দৈনিক সংবাদ

তারিখ 01 DEC 1993
পৃষ্ঠা ১ কলাম ২

বগুড়ার প্রত্যন্ত এলাকা সফর

# শিক্ষা কর্মসূচী সফল করুন ঃ প্রধানমন্ত্রী

বগুড়া, ৩০শে নভেম্বর (বাসস)।- প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জাতীয় উন্নয়ন ও অগ্রগতিতে গতি সঞ্চারের লক্ষ্যে তার সরকারের গৃহীত শিক্ষা কর্মসূচী সফল করে তোলার ওপর আজ গুরুত্ব আরোপ করেছেন।

আজ বগুড়া জেলার গাবতলী থানার বেশকিছু প্রত্যন্ত গ্রাম পরিদর্শনকালে প্রধানমন্ত্রী খালেদা জিয়া কৃষকদের তাদের ছেলে-মেয়েদের স্কুলে পাঠানোর জন্য আহ্বান জানান।

দিনব্যাপী পরিদর্শনকালে প্রধানমন্ত্রী ১০টি গ্রামে যান এবং বেশকিছু পথসভায় বক্তব্য রাখেন। সকল স্থানেই তিনি গ্রামবাসীদের সঙ্গে কথা বলেন এবং তাদের ভালমন্দের খোঁজ-খবর নেন। তিনি গ্রামবাসীদের বলেন, তার সরকার শিক্ষাকে সবচেয়ে বেশি অগ্রাধিকার দিচ্ছে।

গ্রামের লোকজন বিশেষ করে বিভিন্ন পরিবারের মহিলা সদস্যদের সঙ্গে আলাপকালে বেগম জিয়া লেখাপড়া শেখার জন্য তাদের ছেলে-মেয়েদের স্কুলে পাঠানোর পরামর্শ দেন। তিনি এসব

প্রধানমন্ত্রী ঃ পৃঃ ২ কঃ ৩

## প্রধানমন্ত্রী ঃ শিক্ষা কর্মসূচী সফল করুন

( ১ম পৃষ্ঠার পর )

এলাকার বিভিন্ন স্কুল পরিদর্শন এবং ছাত্রদের সঙ্গে আলাপ করেন।

গ্রামের রাস্তা দিয়ে যাওয়ার সময় প্রধানমন্ত্রী একটি জরাজীর্ণ স্কুলভবন দেখতে পান। স্কুলটিতে বসার কোন ব্যবস্থা ছিল না। খড়ের ছাউনি দেয়া স্কুলটিতে ছেলে-মেয়েদের একত্রে বসে ক্লাস করার কোন পর্যাপ্ত জায়গা নেই। প্রধানমন্ত্রী স্কুলের অবস্থা দেখে দুঃখ পান। তিনি স্কুলটিতে গিয়ে এর একটি মাত্র বেঞ্চে বসেন। তিনি স্কুলের ছাত্রছাত্রীদের সঙ্গে কথা বলেন এবং তাদের স্কুলের অবস্থার উন্নতিকল্পে সাহায্য দেয়ার প্রতিশ্রুতি দেন।

গাবতলীর বিভিন্ন গ্রামে ব্যাপক জনসংযোগশেষে প্রধানমন্ত্রী স্থানীয় বিএনপি আয়োজিত গাবতলী পাইলট হাইস্কুল মাঠে এক বিরাট শ্রমিক সমাবেশে বক্তব্য রাখেন। প্রধানমন্ত্রী বিভিন্ন উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নে সরকারকে সাহায্য করার লক্ষ্যে তৃণমূল পর্যায়ে দলের ভিত্তি জোরদার করার জন্য আত্মত্যাগ ও বিশ্বস্ততার মাধ্যমে কাজ করে যেতে শ্রমিকদের প্রতি উদাত্ত আহ্বান জানান।